# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৫২৬

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে কারণে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইশার সালাত বিলম্বে আদায় করতেন

ذكر العلة التي كان من أجلها صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُؤَخِّرُ الْعِشَاءَ

আরবী

1526 ـ أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ قَالَ: حَدَّثَنَا عَلِيُّ بْنُ الْمَدِينِيِّ قَالَ: حَدَّثَنَا يَحْيَى الْقَطَّانُ قَالَ: حَدَّثَنَا شُعْبَةُ قَالَ: حَدَّثَنِي سَعْدُ بْنُ إِبْرَاهِيمَ عَنْ مُحَمَّدِ بْنِ عَمْرِو بْنِ حَسَنٍ قَالَ: سَأَلْنَا جَابِرَ بْنَ عَبْدِ اللَّهِ عَنْ صَلَاةِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم قال: كَانَ يُصَلِّي الظُّهْرَ حِينَ تَزُولُ الشَّمْسُ وَالْعَصْرَ وَالشَّمْسُ حَيَّةٌ وَالْمَغْرِبَ حِينَ تَغِيبُ الشَّمْسُ وَالْعِشَاءَ رُبَّمَا عجَّلها وَرُبَّمَا أخَّرها وَكَانَ النَّاسُ إِذَا جاؤوا عجَّلها وَإِذَا لَمْ يَجِيئُوا أخَّرها وَكَانُوا يُصَلُّونَ الصبح بغلس.

الراوي : جَابِر بْن عَبْدِ اللَّهِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1526 | خلاصة حكم المحدث : صحيح ـ ((صحيح أبي داود)) (245)

বাংলা

১৫২৬. মুহাম্মাদ বিন আমর বিন হাসান থেকে বর্ণিত, তিনি বলেন, “আমরা জাবির বিন আব্দুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহুকে রাসূল আলাইহি ওয়া সাল্লামের সালাত সম্পর্কে জিজ্ঞেস করেন, জবাবে তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যোহরের সালাত আদায় করতেন, যখন সূর্য পশ্চিমাকাশে ঢলে যেতেন, আসরের সালাত আদায় করতেন যখন সূর্য প্রাণবন্ত-সতেজ থাকতো, মাগরিবের সালাত আদায় করতেন যখন সূর্য ডুবে যেতো। ইশার সালাত কখন তাড়াতাড়ি পড়তেন আবার কখন বিলম্বে আদায় করতেন; যখন লোকজন চলে আসতেন, তখন তাড়াতাড়ি আদায় করতেন আবার যখন লোকজন না আসতো, তখন বিলম্ব করতেন। আর ফজরের সালাত অন্ধকারে আদায় করতেন।”[1]

## ফুটনোট

[1] আত তায়ালিসী: ১৭২২; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/১৮৪; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৩১৮; সহীহ আল বুখারী: ৫৬০; সহীহ মুসলিম: ৬৪৬; আবূ দাঊদ: ৩৯৭; নাসাঈ: ১/২৬৪; বাগাবী, শারহুস সুন্নাহ: ৩৫১; মুসনাদ আহমাদ: ৩/৩০৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ২৪৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90841

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন